

## উদ্ভাবন প্রকল্প হক

আইডিয়ারশিরোনাম: বিএআরসি'র অর্থায়নে বাস্তবায়িত গবেষণা কর্মসূচীর মান উন্নয়নে পরীক্ষণ (Monitoring) পদ্ধতি সহজীকরণ।

### সমস্যার বিবরণ:

#### সমস্যা (সংক্ষিপ্তবিবরণ):

বিএআরসি'র অর্থায়নে নার্স-ভুক্ত বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানে পরিচালিত গবেষণা কর্মসূচীর মান উন্নয়নে বিএআরসি থেকে বছরে একবার পরীক্ষণ করা হয়ে থাকে। প্রতি বছর রবি মৌসুমের শেষ দিকে বিএআরসি'র বিজ্ঞানী/কর্মকর্তা সমন্বয়ে কয়েকটি পরীক্ষণ দল গঠন করা হয় এবং পরীক্ষণ পরিকল্পনা প্রণয়ন করা হয়। পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন দল তাদের জন্য নির্দিষ্ট এলাকায় মাঠ পরিদর্শনের মাধ্যমে গবেষণা কর্মসূচী পরীক্ষণ করে থাকে। উল্লেখ্য যে পরীক্ষণ দলের সদস্যদের, তাদের জন্য নির্ধারিত প্রকল্প, প্রকল্পের পিআই বা প্রকল্প এলাকা সম্বন্ধে কোন পূর্ব ধারণা থাকে না। দল গঠনের পর পরীক্ষণ দলকে তাদের নির্ধারিত প্রকল্প বিষয়ে বিভিন্ন তথ্য, প্রকল্প প্রস্তাব, তথ্য সংগ্রহ ফরমেট ইত্যাদি সংগ্রহ করতে হয়। এতে অযথা সময় ব্যয় হয় এবং কখনও কখনও Information gap থাকে। কোন কোন গবেষণা কর্মসূচী সারা বছর ধরে চলতে থাকে। এসব কর্মসূচী বছরে একবার মাঠ পরিদর্শন করে যথাযথভাবে পরীক্ষণ করা সম্ভব হয় না।

#### সমস্যার মূল কারণ:

১. প্রচলিত পরীক্ষণ পদ্ধতির জন্য নীতিমালা নেই;
২. পরীক্ষণ দলের সদস্যদের পরীক্ষণ যাওয়ার ব্যাপারে বাধ্যবাধকতা নেই;
৩. পরিদর্শনকালীন সময়ে প্রধান গবেষক (Principal Investigator) কর্তৃক নির্ধারিত ব্যক্তির প্রকল্প সম্পর্কে ধারণা থাকে না;
৪. পরীক্ষণ এর সময় অনেক ক্ষেত্রে মাঠপর্যায়ে প্রকল্পের কার্যক্রম দৃশ্যমান থাকে না;
৫. প্রধান গবেষক কে পরীক্ষণ দল এবং সময়সূচী সম্পর্কে পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ থেকে অবহিত করা হয় না।

#### সমস্যার প্রভাব:

যে সব প্রকল্প পরীক্ষণ এর আওতায় আসছে না সেখানে গবেষণার মান ব্যহত হচ্ছে সেই সাথে সরকারের অর্থ ও সময়ের অপচয় হচ্ছে।

#### সেবাটি বর্তমানে কিভাবে দেয়া হয়? (বিবরণ/প্রসেসম্যাপ): প্রসেসম্যাপ সংযুক্ত

- পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ কর্তৃক পরীক্ষণ দল গঠন ও প্রোগ্রাম তৈরী
- প্রোগ্রাম অনুযায়ী দলনেতা/সদস্য কর্তৃক সংশ্লিষ্ট প্রকল্পের প্রধান গবেষক এর সাথে যোগাযোগ
- দলনেতা/সদস্য কর্তৃক প্রধান গবেষক এর কাছ থেকে প্রকল্প সম্পর্কে জানা, প্রকল্প প্রস্তাব সংগ্রহ ইত্যাদি
- প্রকল্পটির মাঠে দৃশ্যমান এর উপর নির্ভর করে দলনেতা কর্তৃক প্রোগ্রাম প্রস্তুত করণ এবং সংশ্লিষ্ট প্রধান গবেষক কে অবহিতকরণ
- প্রধান গবেষক ও সদস্য কর্তৃক প্রকল্প এলাকা পরিদর্শন ও তথ্য সংগ্রহ।
- প্রকল্পটি মাঠে দৃশ্যমান না থাকলে সংশ্লিষ্ট প্রধান গবেষক এর কাছ থেকে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে মৌখিকভাবে জানা
- পরীক্ষণ প্রতিবেদন তৈরি
- পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগে প্রতিবেদন দাখিল
- কর্মশালায় পরীক্ষণ প্রতিবেদন উপস্থাপন

#### সমস্যার প্রস্তাবিত সমাধান (বিবরণ/প্রসেসম্যাপ): প্রসেসম্যাপ সংযুক্ত

- পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ কর্তৃক পরীক্ষণ নীতিমালা তৈরী ও অনলাইনে প্রকাশ করা
- নীতিমালা অনুযায়ী প্রোগ্রাম সহ দল গঠন
  - ক. পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ কর্তৃক প্রকল্প প্রস্তাব অনলাইনে প্রকাশ করা
  - খ. প্রাথমিক অবস্থায় পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ কর্তৃক অনুমোদিত প্রকল্প সমূহের তথ্য প্রাপ্তি করা
  - গ. পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ কর্তৃক সময় সময় প্রকল্পের অগ্রগতি হালনাগাদ করণ
- পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ কর্তৃক পরীক্ষণ প্রোগ্রাম অনলাইনে প্রাপ্তিকরণ
- প্রোগ্রাম অনুযায়ী পরীক্ষণ দল কর্তৃক প্রকল্প এলাকা পরিদর্শন
- পরীক্ষণ দল কর্তৃক প্রতিবেদন তৈরি এবং অনলাইনে প্রাপ্তিকরণ
- পরীক্ষণ প্রতিবেদন কর্মশালায় উপস্থাপন।

#### পাইলটিং কর্মকর্তাদেরনাম, পদবী, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইলআইডি:

১. ড. সুলতান আহমেদ, সদস্য পরিচালক (এনআরএম), বিএআরসি, ঢাকা। ই-মেইল: s.ahmed@barc.gov.bd
২. ড. শাহ মো: জিকরুল হক চৌধুরী, সদস্য পরিচালক (প্রাণীসম্পদ), বিএআরসি, ঢাকা। ই-মেইল: ই-মেইল: zh.chowdhury@barc.gov.bd
৩. ড. শাহজাহান, সিএসও (এনআরএম), বিএআরসি, ঢাকা। ই-মেইল: m.shahjahan@barc.gov.bd

৪. ড. মো: আব্দুস সাত্তার, সিএসও(এনআরএম), বিএআরসি, ঢাকা। ই-মেইল: a.satter@barc.gov.bd  
 ৫. হাসান মো. হামিদুর রহমান, সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার ও জিআইএস ইউনিট, বিএআরসি, ঢাকা। ই-মেইল: h.rahman@barc.gov.bd  
 ৬. ড. নাজমুন নাহার করিম, পিএসও (এনআরএম), বিএআরসি, ঢাকা। ই-মেইল: nazmun.karim@barc.gov.bd  
 ৭. ড. মো: বক্তিয়ার হোসেন, পিএসও (এনআরএম), বিএআরসি, ঢাকা। ই-মেইল: baktear@gmail.com

**প্রয়োজনীয় রিসোর্স:**

- ✓ আর্থিক:
- ✓ জনবল:
- ✓ কারিগরি:
- ✓ অন্যান্য:

মোট: আনুমানিক টাকা  
১০,০০,০০.০০

রিসোর্সের যোগান/উৎস: জিওবি/ এনএটিপি, বিএআরসি, ঢাকা।

**উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের কর্মপরিকল্পনা:**

কাজ	কে করবে	ডিসেম্বর/১৬	জানু/১৭	ফেব্রু/১৭	মার্চ/১৭	এপ্রিল/১৭	মে/১৭	চ্যালেঞ্জ/ঝুঁকি
১। পর্যবেক্ষণ কর্মশালা আয়োজন এবং নীতিমালা তৈরির জন্য কমিটি গঠন	পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ							
২। নীতিমালা অনুযায়ী প্রকল্প সংক্রান্ত তথ্যের ফরমেট তৈরি	গঠিত কমিটি							
৩। ফরমেট অনুযায়ী অনলাইন এপ্লিকেশন তৈরির উদ্যোগ								
ক) সফটওয়্যার তৈরির জন্য টেন্ডার আহ্বান	পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ							
খ) সফটওয়্যার তৈরি ও ভেলিডেশন, অনুমোদিত প্রকল্প সমূহের তথ্য প্রাপ্তি করা, কর্মশালা আয়োজন, প্রশিক্ষণ ইত্যাদি	সফটওয়্যারফার্ম ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডার							
গ) সফটওয়্যার বাস্তবায়নের মাধ্যমে অনলাইন পরীক্ষণ পরীক্ষামূলক চালু করা	পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ							